

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং-০৮

২৫ জানুয়ারী ২০১০
তারিখঃ -----
১২ মাঘ ১৪১৬

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক-কোম্পানী।

প্রিয় মহোদয়,

ব্যাংক কর্তৃক স্থায়ী সম্পদ ক্রয়-বিক্রয়।

লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ব্যাংক যুক্তিসংগত কারণ বা প্রয়োজন ছাড়াই জমি ও অন্যান্য স্থায়ী সম্পদ ক্রয়-বিক্রয় করছে, যা ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ধারা ৭ এ বর্ণিত ব্যাংক-কোম্পানীর কার্যাবলীর অন্তর্ভুক্ত নয়। এমতাবস্থায়, এ মর্মে নির্দেশ দেয়া যাচ্ছে যে, কোন ব্যাংক-কোম্পানী কর্তৃক জমি, ফ্লোর স্পেস বা অন্য কোন প্রকৃতির স্থায়ী অবকাঠামো ক্রয়/ইজারা গ্রহণের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। এতদসংক্রান্ত প্রক্রিয়াধীন চুক্তি বাস্তবায়নের ক্ষেত্রেও এ নির্দেশ অনুসরণীয় হবে।

ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারার আওতায় জনস্বার্থে এ নির্দেশ জারী করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

মোহাম্মদ রাজী হাসান

(আবু হেনা মোহাম্মদ রাজী হাসান)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯১১৭৮২৫